

এসএসসি এবং দাখিল পরীক্ষার ৯ম দিনে ৩৫০ পরীক্ষার্থী ও ৪ শিক্ষক বহিষ্কার

স্টাফ রিপোর্টার : এসএসসি ও দাখিল পরীক্ষার ৯ম দিনে গতকাল ভূগোল, সাংগঠনিক ভূগোল, আরবী ২য় পত্র এবং ফার্সি বিষয়ের পরীক্ষায় সারাদেশে নকলের দায়ে মাদে ৩৭ পরীক্ষার্থী ও ৪ শিক্ষক বহিষ্কার হয়েছেন। এর মধ্যে রাজশাহী বোর্ডে ৭৭ জন পরীক্ষার্থী, ঢাকা বোর্ডে ৩৯ জন, কুমিল্লা বোর্ডে ১৪ জন, চট্টগ্রাম বোর্ডে ১১ জন, যশোর বোর্ডে ৭ জন, বরিশাল বোর্ডে ১ শিক্ষকসহ ৬ পরীক্ষার্থী, সিলেট বোর্ডে ৩ পরীক্ষার্থী এবং মাদ্রাসা বোর্ডে ৩৫ ডেপার্ট ৩ শিক্ষকসহ ১৬২ পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা

হয়েছে। মাদ্রাসার দাখিল পরীক্ষায় নেত্রকোনা জেলায় ৩ শিক্ষককে বহিষ্কার করা হয়। এসএসসিতে ঢাকা বোর্ডের জেলাওয়ারী বহিষ্কারের সংখ্যা হলো নেত্রকোনা ৯ জন, মোমেনশাহীতে ৫, কিশোরগঞ্জে ৪, জামালপুরে ৪, শেরপুরে-৪, টাঙ্গাইলে ২, গাজীপুরে ২, নরসিংদীতে ২, মানিকগঞ্জে ১, গোপালগঞ্জে ৪ এবং রাজবাড়ীতে ২ জন। রাজশাহী অফিস জানায়, এসএসসি পরীক্ষায় গতকাল রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১৬টি জেলা থেকে ৭৭ ২-এর পৃঃ ৬-এর তঃ দেখুন



ইনকিলাব : শিক্ষা প্রতিমন্ত্রী জা ন ম এহসানুল হক মিলন মুন্সীগঞ্জের একটি পরীক্ষা কেন্দ্রে বাধক্রমে লুকিয়ে রাখা নকল উদ্ধার করে কেন্দ্র সচিবকে এজন্য অভিযুক্ত করলে তিনি কমান চান

এসএসসি এবং দাখিল

৮-এর পূর্বের পর ৩৫০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারী বহিষ্কার হল : রাজশাহী ৫, মনীও ৫, নাটোর ১, পাবনা ২, সিঙ্গাইলগঞ্জ ৮, জয়পুরহাট ২, রংপুর ১১, কুমিল্লা ৩, গাইবান্ধা ৬, মীলফামারী ৮, লালমনিরহাট ২, ঠাকুরগাঁও ৮ এবং পঞ্চগড় ৪। ঠাণ্ডাইনবারগঞ্জে কেন্দ্র বহিষ্কার হয়নি। গাজীপুর থেকে স্টাফ রিপোর্টার জানান, নকলরোধে এ জেলায় সতল কেন্দ্রেই প্রধান গেটে অত্যন্ত কড়াকড়িভাবে দেহতত্ত্বাণী করায় নকলনুল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। বিভিন্ন কেন্দ্র পরিদর্শনকালে দেখা গেছে- কেন্দ্রের পরীক্ষার্থীদের হলে প্রবেশের পূর্বেই প্রধান গেটে পুলিশের সহযোগিতায় শিক্ষকরা পরীক্ষার্থীদের দেহতত্ত্বাণী করছেন এবং কারো কাছে নকল পাওয়া গেছে তাকে গেটেই বহিষ্কার করা হবে বলে সতর্ক করে দিচ্ছেন।